অধ্যায় ০৯

# নৈতিক ও মানবিক গুণ

## আলোচ্য বিষয়

- ন্যায় ও অন্যায় কাজ
- ভালো কাজের গুরুত্ব।

## অধ্যায়ের মূলকথা

আমরা মানুষ। আর মানুষের বিবেক আছে, বুদ্ধি আছে; যা অন্য কোনো প্রাণীর নেই। সমাজে বসবাসের জন্য আমরা একে অপরের সাথে মিলেমিশে বিভিন্ন ধরনের কাজ করে থাকি। কাজের মধ্যে ভালো-মন্দ সবই আছে। যে কাজগুলো ভালো ও মানুষের জন্য কল্যাণকর সেগুলোকে ন্যায় কাজ বলা হয়। আর যে কাজগুলো ভালো নয় ও মানুষের জন্য কল্যাণকর নয় সেগুলোকে অন্যায় বা মন্দ কাজ বলা হয়। ন্যায় কাজের গুরুত্ব অনেক। ন্যায় কাজের দ্বারা মানুষের ভালো হয়, উপকার হয়, সমাজে শান্তি প্রতিষ্ঠিত হয়। তাই আমাদের দৈনন্দিন জীবনে ন্যায় কাজের অনুশীলন করতে হবে। আর এর মাধ্যমে প্রকাশিত হবে আমাদের নৈতিক ও মানবিক গুণ।





## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

- ন্যায়-অন্যায়ের বিচারবোধ অর্জনের মাধ্যমে ব্যক্তিজীবনে ন্যায়সংগত কাজ করা।

## অধ্যায়ের শিখনফল

- ন্যায়-অন্যায় কাজের পার্থক্য করতে পারবে।
- ন্যায়সংগত কাজ করার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।
- দৈনন্দিন জীবনে ন্যায়সংগত কাজের অনুশীলন করতে পারবে।

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

## পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

### পাঠ ১ ন্যায় ও অন্যায় কাজ

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৭০

**একক কাজ** (ক) ছবি দুটি দেখি ও কথাগুলো পড়ি। কোনটি ন্যায় কাজ এবং কেন তা বলি– ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৭০




**নির্দেশনা :** পাঠ্যবইয়ের ৭০ পৃষ্ঠার বিষয়বস্তু ভালোভাবে পড়ে ন্যায় কাজ সম্পর্কে লিখবে।

**উত্তর :** প্রথম ছবির কাজটি অন্যায় কাজ এবং দ্বিতীয় ছবির কাজটি ন্যায় কাজ। কারণ প্রথম ছবিতে একজন শিক্ষার্থী তার এক সহপাঠীর পাশে বসতে চাচ্ছে। কিন্তু ওই বন্ধু তাকে বসতে দিচ্ছে না। আবার দ্বিতীয় ছবিতে দেখা যাচ্ছে একজন শিক্ষার্থী তার এক সহপাঠীর পাশে বসতে চাইলে ওই বন্ধু তাকে বসার জন্য আমন্ত্রণ জানাচ্ছে।

**জোড়ায় কাজ** (খ) রাজু, রিদিশা, আরিশা, সাজু, ইহান ও নাজিফার কথাগুলো পড়ি এবং ন্যায় ও অন্যায় কাজগুলো চিহ্নিত করি।
▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৭১




**উত্তর :** রাজু, রিদিশা, আরিশা, সাজু, ইহান ও নাজিফার কথাগুলো পড়ে নিচে ন্যায় ও অন্যায় কাজগুলো চিহ্নিত করা হলো–

| ন্যায় | অন্যায় |
|---|---|
| রাজুর কাজ | আরিশার কাজ |
| রিদিশার কাজ | সাজুর কাজ |
| নাজিফার কাজ | ইহানের কাজ |

**দলগত কাজ** (গ) অন্যায় কাজের কথাগুলোকে ন্যায় কাজের কথায় পরিবর্তন করি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭১

একজন গরিব অসুস্থ লোককে আমরা টিফিনের টাকা দিয়ে সাহায্য করেছি। ১

শ্রেণিকক্ষে ঝুড়ি থাকলেও তাতে ময়লা না ফেলে মেঝেতে ফেলি। ২

আমি গতকাল শ্রেণিকক্ষে বসে পিছন থেকে বন্ধুর পোশাকে কালির কাগ দিয়েছি। ৩

শ্রেণিকক্ষে একটি কলম পেয়ে শিক্ষককে দিয়েছিলাম। শিক্ষক যার কলম তাকে বুঝিয়ে দিয়েছেন। ৪

**উত্তর :** উপরের কথাগুলো ন্যায় ও অন্যায় চিহ্নিত করে তারপর অন্যায় কাজগুলোকে ন্যায় কাজের কথায় পরিবর্তন করা হলো।

ন্যায় — একজন গরিব অসুস্থ লোককে আমরা টিফিনের টাকা দিয়ে সাহায্য করেছি। ১

অন্যায় — শ্রেণিকক্ষে ঝুড়ি থাকলেও তাতে ময়লা না ফেলে মেঝেতে ফেলি। ২

অন্যায় — আমি গতকাল শ্রেণিকক্ষে বসে পিছন থেকে বন্ধুর পোশাকে কালির কাগ দিয়েছি। ৩

ন্যায় — শ্রেণিকক্ষে একটি কলম পেয়ে শিক্ষককে দিয়েছিলাম। শিক্ষক যার কলম তাকে বুঝিয়ে দিয়েছেন। ৪

অর্থাৎ এখানে ২ এবং ৩ নম্বর ছক দুটি অন্যায় কাজের ছক। এ দুটি ছককে ন্যায় কাজের ছকে পরিবর্তন করা হলো।

ন্যায় — শ্রেণিকক্ষে মেঝেতে ময়লা না ফেলে ঝুড়িতে ফেলব। ২

ন্যায় — কোনো বন্ধুর জন্য ক্ষতিকর হয় এমন কাজ আমরা কেউ করব না। ৩

**একক কাজ** (ঘ) আমার দেখা ৩টি ন্যায় কাজ ও ৩টি অন্যায় কাজ নিচের ছকে লিখি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭২

"যে কাজগুলো ভালো ও মানুষের জন্য কল্যাণকর সেগুলোই ন্যায় কাজ।"

"সত্য কথা বলা, সৎ পথে চলা, সৎ ও আদর্শ বন্ধু নির্বাচন করা, সত্যবাদীর পক্ষে কথা বলা, মিথ্যাবাদী ও অন্যায় কারীর পক্ষ না নেওয়া ইত্যাদি হলো ন্যায় কাজ।"

"মিথ্যা বলা, অন্যায়কে প্রশ্রয় দেওয়া, অসৎ পথে চলা, অন্যায়ের প্রতিবাদ না করা, বড়োদের অবাধ্য হওয়া, অন্যকে অকারণে বিরক্ত করা ইত্যাদি অন্যায় কাজ।"

"যে কাজগুলো মানুষের জন্য ভালো নয় ও মানুষের কল্যাণ করে না সেগুলোই অন্যায় কাজ"

**নির্দেশনা :** কথাগুলো পড়ে ন্যায় ও অন্যায় চিহ্নিত করে ছকে লিখবে।

**উত্তর :**

| ন্যায় কাজ | অন্যায় কাজ |
|---|---|
| ১. সত্য কথা বলা | ১. মিথ্যা বলা |
| ২. সৎ কাজ করা | ২. অসৎ কাজ করা |
| ৩. অন্যের উপকার করা ও সৎ পরামর্শ দেওয়া | ৩. অন্যকে অকারণে বিরক্ত করা এবং তার ক্ষতি করা |

## পাঠ ২ ভালো কাজের গুরুত্ব

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৩

**একক কাজ** (ক) কথোপকথন পড়ি ও নিচের প্রশ্নগুলোর উত্তর দিই— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৩

সাজু: আমি আজ স্কুলের মাঠে কিছু টাকা কুড়িয়ে পেয়ে প্রধান শিক্ষক স্যারের কাছে জমা দিয়েছি।

নায়রা: আমার বন্ধু আজ স্কুলে টিফিন আনেনি। আমি আমার টিফিন তার সাথে ভাগ করে খেয়েছি।

সাজু ও নায়রা দুজনে কথা বলছে

রাজু: আমি গতকাল ক্লাসে আমার পাশে বসা বন্ধুকে না বলে তার বইয়ে দাগ দিয়েছি।

নুহা: মা নিষেধ করেছিল, তবুও আজ আমি খোলা আচার কিনে খেয়েছি।

রাজু ও নুহা দুজনে কথা বলছে

(১) কোন বন্ধুরা ভালো কাজ করেছে?
(২) এগুলো কেন ভালো কাজ?
(৩) কোন বন্ধুরা খারাপ কাজ করেছে?
(৪) এগুলো কেন খারাপ কাজ?

**উত্তর :**

**(১) কোন বন্ধুরা ভালো কাজ করেছে?**
**উত্তর :** সাজু ও নায়রা ভালো কাজ করেছে।

**(২) এগুলো কেন ভালো কাজ?**
**উত্তর :** সাজুর কাজটি ভালো। কারণ যার টাকা হারিয়ে গেছে সে সাজুর ভালো কাজটির কারণে টাকাগুলো ফেরত পেতে পারে। নায়রা ভালো কাজ করেছে। কারণ তার যে বন্ধুটি টিফিন নিয়ে আসেনি, সে নায়রার টিফিন খেয়ে তার ক্ষুধা নিবারণ করেছে।

**(৩) কোন বন্ধুরা খারাপ কাজ করেছে?**
**উত্তর :** রাজু ও নুহা খারাপ কাজ করেছে।

**(৪) এগুলো কেন খারাপ কাজ?**
**উত্তর :** রাজু খারাপ কাজ করেছে। কারণ সে তার বন্ধুর বইতে দাগ দেওয়াতে তার বন্ধুর মন খারাপ হতে পারে। নুহার করা কাজটি খারাপ। কারণ মায়ের নিষেধ সত্ত্বেও সে খোলা আচার কিনে খেয়েছে। এতে তার পেটে সমস্যা এমনকি ডায়রিয়া হতে পারে।

জোড়ায় কাজ (খ) নিচের ছকে ন্যায় কাজের গুরুত্ব লিখি— ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৩

| ক্রমিক নং | ন্যায় কাজের গুরুত্ব |
|---|---|
| ১. | |
| ২. | |
| ৩. | |
| ৪. | |

নির্দেশনা : ন্যায় কাজ অনুশীলন করার জন্য এর গুরুত্ব ছকে লিখবে।

উত্তর :

| ক্রমিক নং | ন্যায় কাজের গুরুত্ব |
|---|---|
| ১. | যে ন্যায় কাজ করে, সমাজে সবাই তার প্রশংসা করে। |
| ২. | ন্যায় কাজ অন্যায়কে ঘৃণা করতে শেখায়। |
| ৩. | ন্যায় কাজের দ্বারা সমাজে শান্তি প্রতিষ্ঠিত হয়, মানুষের অনেক উপকার হয়। |
| ৪. | সবাই ন্যায় কাজ করলে সমাজের মানুষ শান্তিতে থাকবে। |

জোড়ায় কাজ (গ) আমি প্রতিদিন অনুশীলন করব এমন পাঁচটি ভালো কাজ লিখি— ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৪

১. ..........................................................
২. ..........................................................
৩. ..........................................................
৪. ..........................................................
৫. ..........................................................

নির্দেশনা : প্রতিদিন করবে এমন ৫টি ভালো কাজ সম্পর্কে লিখবে।

উত্তর :

১. সবসময় সত্য কথা বলব।
২. সৎ ও আদর্শ বন্ধু চিহ্নিত করব।
৩. সবসময় সৎপথে চলব।
৪. অন্যকে নিজের কথা বা কাজ দিয়ে কষ্ট দেব না।
৫. বন্ধুদের ও পরিবারের সবাইকে ভালো কাজে সাহায্য করব।

দলগত কাজ (ঘ) সাজু ও নায়রার বক্তব্য অনুযায়ী ভূমিকাভিনয় করি। ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৪

সমাধান :

নির্দেশনা : সাজু ও নায়রার বক্তব্য অনুযায়ী ভালো কাজের গুরুত্ব ভূমিকাভিনয় করে দেখাবে।

উত্তর : শিক্ষকের সার্বিক তত্ত্বাবধানে ভূমিকাভিনয় করে ভালো কাজের বক্তব্য উপস্থাপন করবে।

## শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

### পাঠ ১ ন্যায় ও অন্যায়ের কাজ

▶ সূত্র : শিক্ষক সহায়িকা

একক কাজ ছবিটি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:







- ছবিতে কী দেখা যাচ্ছে?
- তোমরা কেউ কি এমন অবস্থায় পড়েছো?
- তুমি এই অবস্থায় পড়লে কী করতে?
- কোন কাজটি তুমি পছন্দ কর? কেন কর?

**নমুনা উত্তর**


- **ছবিতে কী দেখা যাচ্ছে?**
  উত্তর : ছবিতে ন্যায় ও অন্যায় কাজ দেখা যাচ্ছে।
- **তোমরা কেউ কি এমন অবস্থায় পড়েছো?**
  উত্তর : হ্যাঁ, আমি এমন অবস্থায় পড়েছি।
- **তুমি এই অবস্থায় পড়লে কী করতে?**
  উত্তর : আমি এই অবস্থায় পড়লে শালীনতা বজায় রেখে ন্যায় ও অন্যায় সম্পর্কে সচেতনতা বিষয়ে তাদের জানাতাম।
- **কোন কাজটি তুমি পছন্দ কর? কেন কর?**
  উত্তর : আমি দ্বিতীয় কাজটিকে পছন্দ করতাম। কারণ প্রথম কাজটি অন্যায় কাজ আর দ্বিতীয় কাজটি ন্যায় কাজ।

## পাঠ ২ | ভালো কাজের গুরুত্ব

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**একক কাজ** | ছবিটি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :





- ছবিগুলো কীসের বা কী সম্পর্কিত?
- ছবিতে কি দেখা যাচ্ছে?
- তুমি এই অবস্থায় পড়লে কী করতে?

**নমুনা উত্তর**

- **ছবিগুলো কীসের বা কী সম্পর্কিত?**
  উত্তর : ছবিগুলো ভালো কাজ বা কাজের গুরুত্ব সম্পর্কিত।
- **ছবিতে কী দেখা যাচ্ছে?**
  উত্তর : প্রথম ছবিতে দেখা যাচ্ছে, কয়েকটি শিশু গরিব-অসহায় লোককে সাহায্য করছে। দ্বিতীয় ছবিতে দেখা যাচ্ছে কুড়িয়ে পাওয়া পেন্সিল বক্স ফেরত দিচ্ছে।
- **তুমি এই অবস্থায় পড়লে কী করতে?**
  উত্তর : আমি এই অবস্থায় পড়লে ছবির ন্যায় আমিও গরিব লোককে সাহায্য করতাম এবং কুড়িয়ে পাওয়া জিনিস ফেরত দিতাম।

### সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর।

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**প্রশ্ন ১। আমরা দৈনন্দিন জীবনে ভালো কাজের অনুশীলন কেন করব?**
উত্তর : ভালো কাজের দ্বারা সমাজের অনেক উপকার হয় এবং সমাজে শান্তি প্রতিষ্ঠিত হয়। তাই আমরা দৈনন্দিন জীবনে ভালো কাজের অনুশীলন করব।

**প্রশ্ন ২। আমাদের সকলের ন্যায় কাজ করা উচিত কেন?**
উত্তর : ন্যায় কাজ অর্থাৎ ভালো কাজের গুরুত্ব আমাদের সমাজে অনেক বেশি। যিনি ন্যায় কাজ করেন, ন্যায় পথে চলেন সমাজের সবাই তার প্রশংসা করেন। ন্যায় কাজ দ্বারা সমাজের অনেক উপকার হয়। সমাজে শান্তি প্রতিষ্ঠিত হয়। তাই আমাদের দৈনন্দিন জীবনে ন্যায় কাজ বা ভালো কাজের অনুশীলন করতে হবে।

**প্রশ্ন ৩। ন্যায় কাজগুলো কী করা ভালো? কেন ভালো?**
উত্তর : ন্যায় কাজগুলোর আরেক নাম ভালো কাজ। ন্যায় কাজগুলোর দ্বারা সমাজের অনেক উপকার হয়। সমাজে শান্তি প্রতিষ্ঠিত হয়। এজন্য ন্যায় কাজগুলো করা ভালো।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

**শোনা** | শিক্ষকের নিকট শুনে লিখি

**ক** নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।

১। আমরা গরিব ও অসুস্থ লোককে সাহায্য করব না।
২। আমরা শ্রেণিকক্ষে ঝুড়িতে ময়লা ফেলব।
৩। যে কাজগুলো ভালো তা আমরা করব না।
৪। মিথ্যা বলা মহাপাপ।
৫। আমরা সর্বদা সত্য কথা বলব।
৬। ভালো কাজের গুরুত্ব অনেক বেশি।
৭। আমরা অন্যায়কে ঘৃণা করব।
৮। অন্যায় কাজের দ্বারা সমাজের অনেক উপকার হয়।
৯। আমরা সৎ ও আদর্শ বন্ধু নির্বাচন করব।
১০। সমাজে মানুষের শান্তির দরকার হয় না।

**উত্তরমালা :** ১। মিথ্যা; ২। সত্য; ৩। মিথ্যা; ৪। সত্য; ৫। সত্য; ৬। সত্য; ৭। সত্য; ৮। মিথ্যা; ৯। সত্য; ১০। মিথ্যা।

## সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

**খ** নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।

১। যে কাজগুলো ভালো ও মানুষের জন্য কল্যাণকর সেগুলোই — কাজ।
উত্তর : ন্যায়।

২। সমাজে — কাজের গুরুত্ব অনেক বেশি।
উত্তর : ন্যায়।

৩। যিনি ন্যায় কাজ করেন, ন্যায় পথে চলেন সমাজের সবাই তাকে — করে।
উত্তর : প্রশংসা।

৪। ন্যায় কাজ — ঘৃণা করতে শেখায়।
উত্তর : অন্যায়কে।

৫। ন্যায় কাজের দ্বারা সমাজের অনেক — হয়।
উত্তর : উপকার।

**বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি**

**ক নিচের প্রশ্নগুলোর উত্তর বলো।**

**প্রশ্ন ১। ন্যায় কাজ কী?**

**উত্তর :** যে কাজগুলো ভালো ও মানুষের জন্য কল্যাণকর সেগুলোই-ন্যায় কাজ।

**প্রশ্ন ২। অন্যায় কাজ কী?**

**উত্তর :** যে কাজগুলো মানুষের জন্য ভালো নয় ও মানুষের কল্যাণ করে না সেগুলোই অন্যায় কাজ।

**প্রশ্ন ৩। কোন কাজের গুরুত্ব অনেক বেশি?**

**উত্তর :** ন্যায় কাজ অর্থাৎ ভালো কাজের গুরুত্ব অনেক বেশি।

**প্রশ্ন ৪। ন্যায় কাজ কী করতে শেখায়?**

**উত্তর :** ন্যায় কাজ অন্যায়কে ঘৃণা করতে শেখায়।

**প্রশ্ন ৫। ন্যায় কাজ দ্বারা সমাজের কী হয়?**

**উত্তর :** ন্যায় কাজ দ্বারা সমাজের অনেক উপকার হয়, সমাজে শান্তি প্রতিষ্ঠিত হয়।

**পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই**

**ক নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড় এবং সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ।**

১. **নিচের কোনটি ন্যায় কাজ নয়?**
ক মিথ্যা কথা বলা — খ সত্য কথা বলা
গ সৎকাজ করা — ঘ সৎ পথে চলা
**উত্তর :** (ক) মিথ্যা কথা বলা।

২. **নিচের কোনটি অন্যায় কাজ নয়?**
ক মিথ্যা বলা — খ বড়োদের অবাধ্য হওয়া
গ সত্য বলা — ঘ অসৎ পথে চলা
**উত্তর :** (গ) সত্য বলা।

৩. **কাউকে অসম্মান করে কথা বলা কোন কাজের উদাহরণ?**
ক ন্যায় কাজ — খ সৎ কাজ
গ অন্যায় কাজ — ঘ ভালো কাজ
**উত্তর :** (গ) অন্যায় কাজ।

৪. **যিনি ন্যায় পথে চলেন, ভালো কাজ করেন সমাজে সবাই তাকে কী করে?**
ক অবজ্ঞা করে — খ অবহেলা করে
গ প্রশংসা করে — ঘ ঘৃণা করে
**উত্তর :** (গ) প্রশংসা করে।

৫. **কোন কাজ অন্যায়কে ঘৃণা করতে শেখায়?**
ক অসৎ কাজ — খ ন্যায় কাজ
গ খারাপ কাজ — ঘ অন্যায় কাজ
**উত্তর :** (খ) ন্যায় কাজ।

৬. **ন্যায় কাজ কোনটিকে ঘৃণা করতে শেখায়?**
ক অন্যায়কে — খ ভালো মানুষকে
গ সৎ ব্যক্তিকে — ঘ ন্যায়কে
**উত্তর :** (ক) অন্যায়কে।

**খ নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।**

**প্রশ্ন ১। আমাদের ন্যায় কাজ করা উচিত কেন?**

**উত্তর :** ভালো কাজের গুরুত্ব অনেক। ন্যায় কাজ করলে, ন্যায় পথে চললে সমাজের সবাই প্রশংসা করে। ন্যায় কাজ অন্যায়কে ঘৃণা করতে শেখায়। ন্যায় কাজের দ্বারা সমাজের অনেক উপকার হয়। সমাজে শান্তি প্রতিষ্ঠিত হয়। তাই আমাদের ন্যায় কাজ করা উচিত।

**প্রশ্ন ২। কী করলে সমাজের মানুষ শান্তিতে থাকবে?**

**উত্তর :** সত্য কথা বলা, সৎ পথে চলা, সৎ ও আদর্শ বন্ধু নির্বাচন করা, অন্যায়ের প্রতিবাদ করা ইত্যাদি হলো ন্যায় কাজ। সমাজের সবাই ন্যায় কাজের অনুশীলন করলে সমাজ থেকে অন্যায় দূর হবে। সমাজে সত্য ও ন্যায় প্রতিষ্ঠিত হবে। ফলে সমাজের মানুষ শান্তিতে থাকবে।

**লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**

**ক বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল করে লেখ।**

**প্রশ্ন ১। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| (ক) গরিব অসুস্থ লোককে আমরা | ঝুড়িতে ময়লা ফেলব। |
| (খ) শ্রেণিকক্ষে আমরা | মিথ্যা বলব না। |
| (গ) যে কাজগুলো ভালো | সাহায্য করব। |
| (ঘ) আমরা সবসময় | অন্যায়কে প্রশ্রয় দিব না। |
| (ঙ) মিথ্যা বলা | সত্য কথা বলব। |
| | আমরা তা করব। |
| | অন্যায় কাজ। |

**উত্তরমালা :**

(ক) গরিব অসুস্থ লোককে আমরা **সাহায্য করব।**
(খ) শ্রেণিকক্ষে আমরা **ঝুড়িতে ময়লা ফেলব।**
(গ) যে কাজগুলো ভালো **আমরা তা করব।**
(ঘ) আমরা সবসময় **সত্য কথা বলব।**
(ঙ) মিথ্যা বলা **অন্যায় কাজ।**

**খ নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।**

**প্রশ্ন ১। মিথ্যা কথা বলা কোন ধরনের কাজ? এ ধরনের কাজ থেকে আমরা বিরত থাকব কেন? এ ধরনের আরও চারটি কাজের নাম লেখ।**

**উত্তর :** মিথ্যা কথা বলা নিন্দনীয় বা খারাপ কাজ। এ ধরনের কাজ করলে মানুষ তাকে পছন্দ করে না। তাই আমরা এ ধরনের কাজ থেকে বিরত থাকব। এ ধরনের আরও চারটি কাজ হলো— ১. বড়োদের কথা না শোনা; ২. অন্যের ক্ষতি করা; ৩. কাউকে কষ্ট দেওয়া ও ৪. নিয়ম মেনে না চলা।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | • ন্যায় ও অন্যায় কাজ সম্পর্কে জেনেছে ও বলতে পেরেছে | | | |
| | • ন্যায় কাজের গুরুত্ব সম্পর্কে ধারণা লাভ করেছে | | | |
| দক্ষতা | • ন্যায় ও অন্যায় কাজ চিহ্নিত করতে ও বর্ণনা করতে পেরেছে | | | |
| | • ন্যায় ও অন্যায় কাজের পার্থক্য নির্ণয় করতে পেরেছে | | | |
| | • ন্যায় কাজের গুরুত্ব উপলব্ধি করেছে | | | |
| দৃষ্টিভঙ্গি | • আনন্দের সাথে কাজে অংশগ্রহণ করেছে। | | | |
| | • দলে একে অপরকে সহযোগিতা করেছে। | | | |
| | • জোড়ায় সক্রিয়ভাবে কাজ করেছে। | | | |
| | • একে অপরকে সহযোগিতা করেছে। | | | |
| | • দলগত কাজে সক্রিয় অংশগ্রহণ করেছে। | | | |
| মূল্যবোধ | • শ্রেণিকক্ষের নিয়ম মেনে চলেছে। | | | |
| | • অন্যের মতামত ধৈর্য্য সহকারে শুনেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় : ..............

শিক্ষার্থীর নাম : .................................................................... শ্রেণি : ............................................ রোল নম্বর : ☐

১। ছবিটি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:




(ক) ছবিতে কী দেখা যাচ্ছে?
(খ) তোমরা কেউ কি এমন অবস্থায় পড়েছো?
(গ) তুমি এই অবস্থায় পড়লে কী করতে?
(ঘ) কোন কাজটি তুমি পছন্দ কর? কেন কর?

২। (ক) আমরা গরিব ও অসুস্থ লোককে সাহায্য করব না।
(খ) মিথ্যা বলা মহাপাপ।
(গ) আমরা অন্যায়কে ঘৃণা করব।
(ঘ) সমাজে মানুষের শান্তির দরকার হয় না।

৩। অন্যায় কাজের কথাগুলোকে ন্যায় কাজের কথায় পরিবর্তন করি—

| | |
|---|---|
| একজন গরিব অসুস্থ লোককে আমরা টিফিনের টাকা দিয়ে সাহায্য করেছি। (১) | শ্রেণিকক্ষে ঝুড়ি থাকলেও তাতে ময়লা না ফেলে মেঝেতে ফেলি। (২) |
| আমি গতকাল শ্রেণিকক্ষে বসে পিছন থেকে বন্ধুর পোশাকে কালির দাগ দিয়েছি। (৩) | শ্রেণিকক্ষে একটি কলম পেয়ে শিক্ষককে দিয়েছিলাম। শিক্ষক যার কলম তাকে বুঝিয়ে দিয়েছেন। (৪) |

### উত্তরমালা

১। ৯৫ পৃষ্ঠার ১নং পাঠের একক কাজ দ্রষ্টব্য।

২। (ক) মিথ্যা; (খ) সত্য; (গ) সত্য; (ঘ) মিথ্যা।

৩। ৯৪ পৃষ্ঠার ১নং পাঠের দলগত কাজ (গ) দ্রষ্টব্য।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐